# হঠাৎ অসুস্থ হয়ে গভীর রাতে হাসপাতালে ভর্তি বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম



সংগৃহীত ছবি

থাইল্যান্ড থেকে চিকিৎসা শেষে দেশে ফেরার কয়েক ঘণ্টার মধ্যেই অসুস্থ হয়ে পড়েন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। গভীর রাতে তাকে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে ভর্তি করা হয়। বর্তমানে তিনি বিশেষজ্ঞ চিকিৎসকদের নিবিড় পর্যবেক্ষণে রয়েছেন।

বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর হঠাৎ অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হয়েছেন। মঙ্গলবার (১৯ আগস্ট) দিবাগত রাত ১টার দিকে তাকে রাজধানীর একটি বেসরকারি হাসপাতালে নেয়া হয় বলে বিএনপি মিডিয়া সেল নিশ্চিত করেছে।

দলীয় সূত্রে জানা যায়, চিকিৎসার জন্য থাইল্যান্ডে অবস্থান শেষে ওইদিন সন্ধ্যায় তিনি ঢাকায় ফেরেন। দেশে ফেরার কিছুক্ষণ পর রাত ১১টা পর্যন্ত তিনি গুলশানে দলের এক বৈঠকে অংশ নেন। বৈঠকের এক পর্যায়ে অসুস্থ বোধ করলে স্থায়ী কমিটির সদস্য অধ্যাপক ড. এ জেড এম জাহিদ তাকে দ্রুত হাসপাতালে নিয়ে যান।

পরে অধ্যাপক ড. এন এ এম মোমেনুজ্জামানের তত্ত্বাবধানে তাকে ভর্তি করা হয়। হাসপাতালের কর্তব্যরত চিকিৎসকরা জানিয়েছেন, বর্তমানে তিনি নিবিড় পর্যবেক্ষণে আছেন এবং তার শারীরিক অবস্থা পর্যবেক্ষণ করা হচ্ছে।

LENS ASIA